জন সংযোগ বিভাগ
সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ২৪ ডিসেম্বর, ২০১৬

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) ৩০% নগদ লভ্যাংশ ঘোষণা করেছে

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর ৪০তম বার্ষিক সাধারণ সভা ২৪ ডিসেম্বর, ২০১৬ তারিখ হোটেল পূর্বানী ইন্টারন্যাশনাল লিমিটেড এ অনুষ্ঠিত হয়। আইসিবি পরিচালনা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মজিব উদ্দিন আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. ইফতিখার-উজ-জামান এবং অন্যান্য পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার অংশগ্রহণ করেন।

বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণ আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং নিরীক্ষিত হিসাব সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করেন। কর্পোরেশনের অব্যাহত উন্নতির জন্য তাঁরা গভীর সন্তোষ প্রকাশ করেন।

২০১৫-১৬ অর্থ বছরে আইসিবি এককভাবে এবং সাবসিডিয়ারিসহ সম্মিলিতভাবে যথাক্রমে ৩১৩.৬৯ কোটি টাকা এবং ৩৩১.৬৪ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে। উল্লেখ্য যে, গত বছরের একই সময়ের তুলনায় চলতি বছরের (০১ জুলাই থেকে ২২ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত) ৬ মাসে মূলধনী মুনাফা বৃদ্ধি পেয়েছে ১০৩.৬১ কোটি টাকা বা ১৪২.২৩%। শেয়ারহোল্ডারগণ ২০১৫-১৬ অর্থবছরের জন্য ৩০% নগদ লভ্যাংশ অনুমোদন করেন। ইতোপূর্বে ২০১৫-১৬ অর্থবছরের জন্য কর্পোরেশনের ব্যবস্থাপনায় পরিচালিত আইসিবি ইউনিট ফান্ড হতে ইউনিট সার্টিফিকেট প্রতি ৪৩.০০ টাকা হারে লভ্যাংশ ঘোষণা করা হয়েছে।

২০১৫-১৬ অর্থ বছরে কর্পোরেশন শেয়ার, বন্ড, ডিবেঞ্চার ক্রয় এবং লীজ অর্থায়নসহ বিভিন্ন খাতে মোট ৬৩৮.৮০ কোটি টাকার আর্থিক সহায়তার অঙ্গীকার করে এবং পুঁজিবাজারে মোট ৮৬৯৭.১৯ কোটি টাকা বিনিয়োগ করে যা পূর্ববর্তী অর্থবছরের ৭৩৬৫.৫৯ কোটি টাকার তুলনায় ১৫.৩১% বেশী। এছাড়া আলোচ্য অর্থ বছরে কর্পোরেশন ২২৪.০০ কোটি টাকার ১টি বন্ড ইস্যুর ট্রাস্টি হিসাবে দায়িত্ব পালনের অঙ্গীকার করে। ২০১৫-১৬ অর্থবছরে কর্পোরেশন লভ্যাংশ, মার্জিন ঋণ, প্রকল্প ঋণসহ অন্যান্য ঋণ/অগ্রিম খাতে সর্বমোট ৭৫০.৩২ কোটি টাকা আদায় করেছে। আলোচ্য অর্থবছরে উভয় স্টক এক্সচেঞ্জ-এ আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের বিভিন্ন পোর্টফোলিওতে মোট লেনদেনের পরিমাণ ছিল ১১,৪৫২.৭৮ কোটি টাকা। এ সময়ে উভয় স্টক এক্সচেঞ্জে মোট লেনদেন ১,১৫,০৫১.৭৫ কোটি টাকার মধ্যে আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের অংশ ৯.৯৫ %। প্রসঙ্গত উল্লেখ্য যে, গত ০৬ মাসে (০১ জুলাই থেকে ২২ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত) পত্রকোষে সম্পদ মূল্য বৃদ্ধি পেয়েছে ৩৮৮.৩২ কোটি টাকা। পূর্ববর্তী বছরসমূহের ন্যায় আইসিবি ও এর সাবসিডিয়ারিসমূহ অ্যাসেট ম্যানেজমেন্ট ও ট্রাস্টি কর্মকান্ডে সর্বোচ্চ অবস্থানে ছিল।

শেয়ারবাজার বিপর্যয় পরবর্তী বিনিয়োগকারীদের আস্থা ফিরিয়ে আনা এবং বাজারের স্থিতিশীলতা বজায় রাখতে আইসিবির ভূমিকা শেয়ারহোল্ডারগণ কর্তৃক ব্যাপকভাবে প্রশংসিত হয়। শেয়ারবাজারের গভীরতা, স্থিতিশীলতা, নির্ভরযোগ্যতা এবং তারল্য বজায় রাখার পাশাপাশি একটি সুদৃঢ় ও টেকসই পুঁজিবাজার গঠনে আইসিবি ও এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহ অন্যতম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে বলে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সভায় আইসিবি এবং এর সাবসিডিয়ারি কোম্পানিসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিরলস প্রচেষ্টা এবং উদ্যোগের জন্য ভূয়সী প্রশংসা করা হয় এবং ভবিষ্যতেও পুঁজিবাজারে আইসিবি'র ভূমিকা ও অবস্থান সুদৃঢ় থাকবে বলে আশাবাদ ব্যক্ত করা হয়।

আইসিবি'র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ও আইসিবি'র ব্যবস্থাপনা পরিচালক অব্যাহত সমর্থন ও সহযোগিতার জন্য শেয়ার হোল্ডার, বিএসইসি, স্টক এক্সচেঞ্জ সমূহ এবং অর্থ মন্ত্রণালয় সহ সকল স্টেকহোল্ডারগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

(দীপিকা ভট্টাচার্য্য)
মহাব্যবস্থাপক/সচিব

Public Relations Department

Press Release

24 December, 2016

INVESTMENT CORPORATION OF BANGLADESH (ICB) DECLARES 30% CASH DIVIDEND

The 40th Annual General Meeting (AGM) of Investment Corporation of Bangladesh (ICB) was held on 24 December, 2016 at Hotel Purbani International Ltd. The meeting was presided over by Prof. Dr. Mojib Uddin Ahmed, Chairman, Board of Directors of the Corporation. The meeting was attended by the Managing Director of ICB Md. Iftikhar-uz-Zaman and other Directors of ICB. A large number of shareholders attended the meeting and took part in the discussions.

The Shareholders discussed various aspects of the Annual Report and Audited Accounts of ICB and its subsidiary companies for the year 2015-16. They expressed their deep satisfaction for its performance and the pivotal role it played during the critical period of capital market.

During FY 2015-16, ICB earned solo and consolidated (with subsidiaries) net profit of Tk 313.69 crore and Tk.331.64 crore respectively. Mentionable that capital gain of ICB has been increased by Tk 103.61 crore i.e. 142.23% in the last six months (from 01-07-2016 to 22-12-2016) of current year compared to the same period of the last year. The shareholders approved 30% cash dividend for the year 2015-16. Earlier the Corporation had declared dividend for its Unit Fund @ of taka 43.00 per Unit Certificate.

During the period under review, the Corporation sanctioned financial assistance of Tk. 638.80 crore in the form of Pre-IPO placement, debentures, equity participation, lease financing and investment in bonds and made investment of Tk.8697.19 crore in the capital market which was 15.31 percent higher than the previous year's amount of Tk. 7365.59 crore. It also committed to act as Trustee to the issue of a bond of Tk. 224.00 crore during 2015-2016. The Corporation recovered an amount of Tk. 750.32 crore on account of dividend, margin loans, project loans and other loans/advances. During the period, the total trading of ICB and its subsidiary companies in both the bourses was Tk. 11,452.78 crore which is 9.95% of total traded volume Tk. 1,15,051.75 crore of both the bourses of the country in FY 2015-16. Note that portfolio value has been increased by Tk 388.32 crore in the last six months (from 01-07-2016 to 22-12-2016). Like in the previous year, ICB and it's subsidiaries retained top positions in asset management and trustee activities.

The shareholders appreciated the pivotal role played by the Corporation to regain confidence of the investors during share market debacle and maintaining stability in the market. They also noted with satisfaction the significant achievement and growth of business of the Corporation. They appreciated the important role played by ICB in maintaining depth, stability, reliability and liquidity of the stock markets as well as in maintaining a buoyant and effective capital market in the country. They however, stressed the need to maintain the tempo of reforms and present trend of improvement and proposed valuable suggestions on various aspects of the Corporation's activities.

The Chairman of the Board of Directors and the Managing Director of ICB acknowledged with gratitude the co-operation and support received from the valued shareholders, the BSEC, Stock Exchanges, Ministry of Finance and other stakeholders. The meeting also put in record the outstanding services rendered by the employees of the Corporation for its development as a prime institution in the country.

(Dipika Bhattacharjee)
General Manager/ Secretary